

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ভূমি মন্ত্রণালয়  
ডিজিটাইজেশন, নলেজ ম্যানেজমেন্ট ও পারফরমেন্স  
(ডিকেএমপি) অনুবিভাগ  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।  
[www.minland.gov.bd](http://www.minland.gov.bd)

নম্বর: ৩১.০০.০০০০.০৫৭.০৬.০০২.২৪.৭৮

তারিখ: ২৬ চৈত্র ১৪৩০

০৯ এপ্রিল ২০২৪

পরিপত্র


বিষয়: একই মৌজা পৌর ভূমি অফিস ও ইউনিয়ন ভূমি অফিস উভয়ের অধিক্ষেত্রে বিস্তৃত হলে খতিয়ান ও দাখিলা প্রদান সংক্রান্ত নির্দেশনা।

কতিপয় মৌজা পৌর ও ইউনিয়ন ভূমি অফিস উভয়ের অধিক্ষেত্রে বিস্তৃত হওয়ায় সংশ্লিষ্ট মৌজার খতিয়ান বা দাখিলা স্বয়ংক্রিয়ভাবে তৈরির সময় কারিগরি জটিলতা দেখা দিচ্ছে। ফলে নামজারি মামলা নিষ্পত্তি ও ভূমি উন্নয়ন কর আদায়সহ নাগরিকগণকে অন্যান্য স্মার্ট ভূমিসেবা প্রদানে জটিলতা হচ্ছে।

২। বর্ণিত সমস্যা নিরসনের লক্ষ্যে সংশ্লিষ্ট মৌজাসমূহ এখন থেকে পৌর ভূমি অফিস ও ইউনিয়ন ভূমি অফিস উভয়ের অধিক্ষেত্রে বিস্তৃত হবে এবং স্মার্ট ভূমিসেবা সিস্টেমে এ বিষয়ে বিস্তারিতভাবে উল্লেখ থাকবে। উদাহরণস্বরূপ, পিরোজপুর সদর উপজেলার নামাজপুর মৌজার খতিয়ান বা দাখিলা স্বয়ংক্রিয়ভাবে প্রস্তুত হওয়ার সময় পৌর অংশে মৌজা: নামাজপুর (পৌর) এবং ইউনিয়ন অংশে মৌজা: নামাজপুর (ইউনিয়ন) উল্লেখ থাকবে।

৩। অনুরূপভাবে, একই মৌজা সিটি কর্পোরেশনের অধিক্ষেত্রভুক্ত অফিস ও ইউনিয়ন ভূমি অফিসে বিস্তৃত হলে অনুচ্ছেদ ২-এর প্রক্রিয়া অনুসৃত হবে এবং সিটি কর্পোরেশন অংশে বন্ধনীতে "সিটি" উল্লেখ থাকবে।

৪। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।



৯-৪-২০২৪

মোঃ খালিলুর রহমান  
সচিব

ফোন: +৮৮০২৯৫৫৫০৪৩

ফ্যাক্স: +৮৮০২৯৫৪০০২৫

ইমেইল:

[secretary@minland.gov.bd](mailto:secretary@minland.gov.bd)

বিতরণ:

- ১) চেয়ারম্যান, ভূমি আপীল বোর্ড
- ২) চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড
- ৩) মহাপরিচালক (গ্রেড-১), ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর
- ৪) বিভাগীয় কমিশনার, খুলনা/রাজশাহী/সিলেট।/বরিশাল/ময়মনসিংহ/রংপুর/ঢাকা/চট্টগ্রাম
- ৫) অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, ভূমি মন্ত্রণালয়
- ৬) অতিরিক্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), প্রকল্প পরিচালক, ভূমি ব্যবস্থাপনা অটোমেশন প্রকল্প, ভূমি মন্ত্রণালয়
- ৭) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, ভূমি মন্ত্রণালয়
- ৮) জেলা প্রশাসক (সকল)
- ৯) সহকারী কমিশনার (ভূমি)
- ১০) সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, ভূমি মন্ত্রণালয়
- ১১) ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লিঃ
- ১২) ব্যবস্থাপনা পরিচালক, মাইসফট হ্যাভেন (বিডি) লিঃ
- ১৩) ব্যবস্থাপনা পরিচালক, অলিভিন লিঃ
- ১৪) অফিস নথি